(একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত)

**পল্লী সঞ্চয় ব্যাংক**
**প্রধান কার্যালয়**
**রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (লেভেল-০৮-১০)**
**৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা-১০০০।**
**www.pallisanchybank.gov.bd**

"শেখ হাসিনাই রূপকার
পল্লী সঞ্চয় ব্যাংক উপহার।"

স্মারক নং- পসব্য/প্রকা/প্রকৌ- ০১/২০২৩-২৪/১২৮২১ তারিখঃ ০২/১০/২৩ খ্রি.

জেলা (আঞ্চলিক) কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/ শাখা ব্যবস্থাপক
জেলা (আঞ্চলিক) কার্যালয়/ সকল শাখা
পল্লী সঞ্চয় ব্যাংক।

বিষয়ঃ **পল্লী সঞ্চয় ব্যাংক ভবন মেরামত, সংস্কার ও নির্মাণ সংক্রান্ত নীতিমালা-২০২৩**

শিরোনামে বর্ণিত বিষয়ে আপনাদের দৃষ্টি আকর্ষণ পূর্বক জানানো যাচ্ছে যে, পল্লী সঞ্চয় ব্যাংকের পরিচালনা বোর্ডের ২৭/০৯/২০২৩ তারিখে অনুষ্ঠিত ৯৭তম সভায় ভবন মেরামত, সংস্কার ও নির্মাণ সংক্রান্ত নীতিমালা অনুমোদন করা হয় যা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো।

অনুমোদনক্রমে

আল্লামা মোহাম্মদ ইয়াহইয়া তানহার
সিস্টেম এনালিস্ট

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)
১। স্টাফ অফিসার টু ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
২। স্টাফ অফিসার টু উপব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৩। স্টাফ অফিসার টু মহাব্যবস্থাপকের দপ্তর (সকল) , পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৪। বিভাগীয় প্রধান (সকল), পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৫। নিরীক্ষা দলনেতা (সকল), পল্লী সঞ্চয় ব্যাংক...............।
৬। অফিস নথি।

পল্লী সঞ্চয় ব্যাংক
প্রধান কার্যালয়
রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (লেভেল-৮)
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা-১০০০

# পল্লী সঞ্চয় ব্যাংকের উপজেলা ভবনসমূহ মেরামত/সংস্কার ও নির্মাণ নীতিমালা ২০২৩

পল্লী সঞ্চয় ব্যাংকের পরিচালনা বোর্ডের ২৭/০৯/২০২৩ তারিখে অনুষ্ঠিত ৯৭তম সভায় ব্যাংকের উপজেলায় অবস্থিত ভবন/ইমারতসমূহের মেরামত/সংস্কার নীতিমালা অনুমোদন করা হয় যা নিম্নরূপ:

## (১) সংক্ষিপ্ত শিরোনাম, প্রবর্তন ও প্রয়োগঃ

ক) এই নীতিমালা পল্লী সঞ্চয় ব্যাংকের উপজেলা ভবন/ইমারতসমূহ মেরামত/সংস্কার ও নির্মাণ নীতিমালা ২০২৩ নামে অভিহত হবে;

খ) ইহা অবিলম্বে কার্যকর হবে;

গ) এই নীতিমালা পল্লী সঞ্চয় ব্যাংকের উপজেলা ভবন/ইমারতসমূহের জন্য প্রযোজ্য হবে।

## (২) ব্যাংকের উপজেলা ভবন/ইমারতসমূহ নির্মাণের প্রেক্ষাপট এবং মালিকানা স্বত:

(i) দেশের প্রান্তিক জনগণের দারিদ্র্যতা বিমোচনের জন্য মাননীয় প্রধানমন্ত্রী আমার বাড়ি আমার খামার প্রকল্প প্রতিষ্ঠা করেন। দেশের সকল উপজেলা চত্বরে প্রকল্পের ভবন নির্মাণ করে কার্যক্রম পরিচালনার জন্য জায়গা বরাদ্দের নিমিত্ত স্থানীয় সরকার ও পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের মধ্যে ২২/০৫/২০১৭ তারিখে একটি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়। সমঝোতা স্মারকে শর্তাবলী নিম্নরূপ:

(ক) দেশের ৬৪ জেলায় প্রতিটি উপজেলায় উপজেলা পরিষদের জায়গায় (যদি থাকে) একটি বাড়ি একটি খামার প্রকল্প তথা পল্লী সঞ্চয় ব্যাংকের উপজেলা কার্যালয় স্থাপনে স্থানীয় সরকার বিভাগ অনুমতি প্রদান করবে। তবে শর্ত থাকে যে, জমি ও ভবনের মালিকানা উপজেলা পরিষদের থাকবে। একটি বাড়ি একটি খামার প্রকল্প তথা পল্লী সঞ্চয় ব্যাংক শুধু তা ব্যবহার করবে;

(খ) একটি বাড়ি একটি খামার প্রকল্পের উপজেলা কার্যালয় নির্মাণে উপজেলা পরিষদের কমবেশী ১০০০ (এক হাজার) বর্গফুট জায়গা উপজেলা পরিষদের চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক নির্ধারণ ও চিহ্নিত করার মাধ্যমে ব্যবহার করা হবে এবং সেখানে একতলা বিশিষ্ট পাকা ভবন নির্মাণ করা হবে। তবে শর্ত থাকে যে, উপজেলা পরিষদ তার নিজস্ব প্রয়োজনে (মাস্টার প্ল্যান বাস্তবায়নসহ অন্যান্য) যে কোন সময় উক্ত ভবন অপসারণের সর্বময় ক্ষমতা সংরক্ষণ করবে;

(গ) উক্ত ভবনের যাবতীয় ব্যয় পল্লী সঞ্চয় ব্যাংক নির্বাহ করবে;

(ঘ) উক্ত ভবন রক্ষণাবেক্ষণ ব্যয় একটি বাড়ি একটি খামার প্রকল্প তথা পল্লী সঞ্চয় ব্যাংকের অর্থায়নে হবে;

(ঙ) ভবনটি একটি বাড়ি একটি খামার প্রকল্প তথা পল্লী সঞ্চয় ব্যাংকের কার্যালয় এবং একইসংঙ্গে উপকারভোগী সদস্যদের প্রশিক্ষণের জন্য ব্যবহৃত হবে।

(ii) বর্তমানে ৪৯৫টি উপজেলার মধ্যে ৪৯০টি উপজেলায় ব্যাংকের কার্যক্রম পরিচালিত হচ্ছে, তন্মধ্যে ৪৭৩টি উপজেলায় বিলুপ্ত আমার বাড়ি আমার খামার প্রকল্প কর্তৃক ভবন/ইমারত নির্মান করা হয়েছে যা প্রকল্প ৩০/০৬/২০২১ তারিখে বিলুপ্তির পর ব্যাংকের নিকট হস্তান্তর করা হয়েছে।

(০৩) মেরামত/সংস্কার ব্যয় বহন সংক্রান্ত:

(i) চুক্তিনামা মোতাবেক যে সকল ভবন/ইমারত একটি বাড়ি একটি খামার প্রকল্প/পল্লী সঞ্চয় ব্যাংক নির্মাণ করেছে উক্ত ভবনগুলো ব্যাংক হতে রক্ষণাবেক্ষণ ব্যয় মিটানো হবে;

(ii) যে সকল ভবন উপজেলা পরিষদ কর্তৃক নির্মাণ ব্যয় বহন করা হয়েছে ঐ সকল ভবন মেরারমত/সংস্কার ব্যয় উপজেলা পরিষদ কর্তৃক বহন করা হবে।

(০৪) নতুন ভবন নির্মাণ: ১৭টি উপজেলায় ব্যাংকের নিজস্ব ভবন নেই এবং ৫টি উপজেলায় ব্যাংকের শাখা নেই। উপজেলা পরিষদ হতে জায়গা পাওয়া গেলে এবং বাংলাদেশ ব্যাংক হতে শাখা খোলার অনুমতি পাওয়া গেলে ব্যাংক হতে ভবন নির্মাণ করা হলে এগুলোর মেরামত/সংস্কার ব্যয় ব্যাংক বহন করতে হবে।

(৫) উপজেলা ভবনসমূহ মেরামত/সংস্কারের নিয়মাচার/পদ্ধতি:

(ক) পিপিআর এর বিধান মোতাবেক নিম্নবর্ণিত কমিটির মাধ্যমে যাবতীয় মেরামত কাজ সম্পন্ন করতে হবে;

| ক্র:নং | পদবী | কমিটির পদবী |
|---|---|---|
| ১) | সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, পল্লী সঞ্চয় ব্যাংক | সভাপতি |
| ২) | সংশ্লিষ্ট উপজেলা প্রকৌশলী | সদস্য |
| ৩) | সংল্লিষ্ট শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক | সদস্য সচিব |

(খ) কমিটি কর্তৃক প্রস্তুতকৃত ভবন মেরামত/সংস্কারের এস্টিমেটসহ প্রস্তাবনা প্রতিবছর ৩০ সেপ্টেম্বর এর মধ্যে প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে;

(গ) প্রধান কার্যালয় প্রস্তাবনাগুলো প্রাপ্তির পর প্রধান কার্যালয়ের প্রকৌশলী কর্তৃক যাচাই বাছাই করে বাজেট বরাদ্দের মধ্যে অগ্রাধিকার তালিকা প্রণয়ন করবে;

(ঘ) অগ্রাধিকার তালিকার ক্রমানুসারে মেরামত/সংস্কার কাজ করার জন্য পরিচালনা বোর্ড কর্তৃক প্রদত্ত ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার অনুমোদন গ্রহণ করতে হবে;

(ঙ) নতুন ভবন নির্মাণের ক্ষেত্রে ৩ বছরের মধ্যে (বিশেষ প্রয়োজন ব্যতীত) মেরামত কাজ করা যাবে না। পুরাতন ভবন একবার মেরামত কাজ করার পর পরবর্তী ৩ বছরের মধ্যে (বিশেষ প্রয়োজন ব্যতীত) করা যাবে না;

(চ) ২৫,০০০/- (পচিঁশ হাজার) টাকা পর্যন্ত সরাসরি ক্রয় পদ্ধতিতে মেরামত/সংস্কার কাজ করা যাবে (প্রযোজ্য হারে ভ্যাট/ট্যাক্সসহ);

(ছ) ৫.০০ লক্ষ টাকা পর্যন্ত কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন পদ্ধতিতে মেরামত/সংস্কার কাজ করা যাবে (প্রযোজ্য হারে ভ্যাট/ট্যাক্সসহ);

(জ) ১০.০০ লক্ষ টাকা পর্যন্ত উন্মুক্ত দরপত্র পদ্ধতিতে মেরামত/সংস্কার কাজ করা যাবে (প্রযোজ্য হারে ভ্যাট/ট্যাক্সসহ);

(ঝ) যথাযথ কর্তৃপক্ষের নিকট অনুমোদন প্রাপ্তির যাবতীয় কার্যাদি সম্পন্ন করে কার্যাদেশপত্র প্রদান করতে হবে এবং যাবতীয় ডকুমেন্টস সংশ্লিষ্ট কার্যালয়ের নথিতে সংরক্ষণ এবং একসেট প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে;

(ঞ) সকল মেরামত কার্যক্রম পিপিআর এবং সরকারী বিধি বিধান মোতাবেক সম্পন্ন করতে হবে।

(৬) কাজ করার অনুমোদন এবং বিল প্রদানের ক্ষমতা: পরিচালনা বোর্ডের ০৩/০৯/২০২৩ তারিখে অনুষ্ঠিত ৯৬তম সভায় উপজেলা ভবন/ইমারতসমূহের সংস্কার/মেরামত কাজ করার অনুমোদন ও বিল প্রদানের ক্ষমতা নিম্নবর্ণিত কর্মকর্তাদের উপর ন্যস্ত করা হয়:

| ক্র:নং | পদবী | কাজ করার অনুমোদন এবং বিল প্রদান |
|---|---|---|
| ১ | ব্যবস্থাপনা পরিচালক | এক দফায় ১০ লক্ষ টাকা। |
| ২ | উপব্যবস্থাপনা পরিচালক | এক দফায় ৫ লক্ষ টাকা। |
| ৩ | মহাব্যবস্থাপক (প্রশাসন) | এক দফায় ২ লক্ষ টাকা। |

(৭) **বিল প্রদান পদ্ধতি:**

(ক) কার্যাদেশ মোতাবেক কাজ সম্পন্ন করা হয়েছে মর্মে কমিটি একটি প্রত্যয়নপত্র প্রস্তুত করবে যা প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে;

(খ) প্রধান কার্যালয়ের প্রকৌশলী কর্তৃক কার্যাদেশ মোতাবেক কাজ সম্পন্ন হয়েছে মর্মে নিশ্চিত হয়ে নিরীক্ষা বিভাগের মতামত গ্রহণ করে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ করতে হবে;

(গ) বিল প্রদানের অনুমোদনের প্রাপ্তির পর সংশ্লিষ্ট কার্যালয় একাউন্ট পেয়ী চেকের মাধ্যমে বিল প্রদান করবে। চেকের একটি ফটোকপি নথিতে সংরক্ষণ এবং একটি কপি প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে। চেক প্রদানকালে ভ্যাট এবং ট্যাক্স (প্রযোজ্য হারে) কর্তণ করে রাখতে হবে;

(ঘ) সংস্কার/মেরামতের যাবতীয় ডকুমেন্টস সংশ্লিষ্ট কার্যালয় সংরক্ষণ এবং প্রধান কার্যালয়ে সংরক্ষণের জন্য প্রেরণ করতে হবে।

(৭) **হিসাবায়ান পদ্ধতি:** মেরামত/সংস্কার এর হিসাব সঠিকভাবে সংরক্ষণের জন্য সিবিএস এ একটি পৃথক কোড খুলতে হবে এবং উক্ত কোডে হিসাবভুক্ত করতে হবে।

(শেখ মোঃ জামিনুর রহমান)
ব্যবস্থাপনা পরিচালক